

যখন তোমায় আঘাত করি তখন চিনি ।
শত্রু হয়ে দাঁড়াই যখন লও যে জিনি ॥
এ প্রাণ যত নিজের তরে তোমারি ধন হরণ করে
ততই শুধু তোমার কাছে হয় সে ঋণী ॥
উজিয়ে যেতে চাই যতবার গর্বসুখে,
তোমার স্রোতের প্রবল পরশ পাই যে বুকো ।
আলো যখন আলসভরে নিবিয়ে ফেলি আপন ঘরে
লক্ষ তারা জ্বালায় তোমার নিশীথিনী ॥

Parjaay: Puja, Taal: Dadra, Raag: Baul

Visit www.geetabitan.com for notation and other detail